ADB

www.compliance.adb.org

এশীয় উন্নয়ন ব্যাংক

জবাবদিহিতার ব্যবস্থা

এডিবি'র সহায়তাপ্রাপ্ত প্রকল্পের কারণে ক্ষতিগ্রস্ত জনসমষ্টির অভাব-অভিযোগ শ্রবণ ও উন্নয়ন কার্যকারিতা বৃদ্ধি

এশীয় উন্নয়ন ব্যাংক পরিচিতি

এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) একটি বহুপক্ষীয় উন্নয়ন অর্থসংস্থান প্রতিষ্ঠান। ৬৩টি সদস্যদেশ এ প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী। এডিবি'র স্বপ্ন (vision) হলো দারিদ্রমুক্ত এক এশীয় ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল। উন্নয়নশীল সদস্য দেশগুলির সরকার ও সেসব দেশের বেসরকারি উদ্যোক্তা প্রতিষ্ঠানগুলিকে ঋণ, কারিগরি সহায়তা, মঞ্জুরি এবং ইক্যুইটি বিনিয়োগের সুবিধা ও নিশ্চয়তা প্রদানের ব্যবস্থা করে এডিবি ব্যাপক পরিসরে উন্নয়ন কর্মতৎপরতার মধ্য দিয়ে জনসাধারণের জীবনযাত্রার মানোন্নয়নে সহায়তা করে।

এডিবি'র জবাবদিহিতা ব্যবস্থাটি কী?

২০০৩ সালের মে মাসে এডিবি এক নতুন জবাবদিহিতা ব্যবস্থা অনুমোদন করে। এ ব্যবস্থাটি আগের পরিদর্শন কার্যব্যবস্থার স্থলবর্তী হয়েছে। এই জবাবদিহিতা ব্যবস্থা প্রবর্তন করা হয়েছে যাতে এডিবি সহায়তাপ্রাপ্ত প্রকল্পগুলির কারণে ক্ষতিগ্রস্ত জনসমষ্টি আরও ভালোভাবে তাদের সমস্যার কথা প্রকাশ করতে ও সেসব সমস্যার সমাধান পেতে পারে এবং সেইসাথে এডিবি'র কার্যপরিচালন নীতি ও পদ্ধতির কথিত লঙ্ঘনের ঘটনাগুলি সম্পর্কে অবহিত করতে পারে।

এই জবাবদিহিতা ব্যবস্থা প্রতিষ্ঠার মধ্য দিয়ে এডিবি'র উন্নয়ন কার্যকারিতা, প্রকল্পের মান ও কর্মকাণ্ডের স্বচ্ছতা বৃদ্ধির প্রচেষ্টাও নেয়া হয়েছে।

এই কার্যব্যবস্থার মূল বৈশিষ্ট্যতার দুটি পরস্পর সম্পর্কিত কাজ: ১) আলোচনা-পরামর্শ, ২) প্রতিপালন বা পরিপালন সম্পর্কিত পর্যালোচনা। প্রথম কাজটি হলো, সমস্যা সমাধানের বিষয়ে সংশ্লিষ্ট সকলপক্ষের (stakeholders) মধ্যে পরামর্শমূলক আলোচনা। এতে যদি সমস্যার সন্তোষজনক কোনো সমাধানে পৌঁছানো না যায়, যদি দেখা যায় পরামর্শমূলক আলোচনার জন্য কোনো অভিযোগ উপস্থাপনের অযোগ্য, কিংবা যদি দেখা যায় পরামর্শমূলক আলোচনা একটি প্রায় চূড়ান্ত পর্যায়ে উপনীত হয়েছে এবং পরিপালন সংক্রান্ত বিষয়ে উদ্বেগের অবকাশ রয়েছে, তাহলে পরিপালন সম্পর্কিত পর্যালোচনার জন্য অনুরোধ করা যেতে পারে।

পরামর্শমূলক আলোচনা পর্যায় কী?

- পরামর্শমূলক আলোচনা পর্যায়ের লক্ষ্য হচ্ছে এডিবি'র সহায়তাপ্রাপ্ত প্রকল্পের কারণে ক্ষতিগ্রস্ত জনসমষ্টিকে তাদের সমস্যার সমাধান খুঁজে বের করতে সহায়তা করা। এডিবির বিশেষ প্রকল্প সহায়ক কর্মকর্তা (Special Project Facilitator/SPF) পরামর্শমূলক আলোচনার নেতৃত্ব দেন।

- পরামর্শমূলক আলোচনা পর্যায়টির সূচনা হয় একটি অভিযোগের গ্রহণযোগ্যতার বিষয়টি বিচার-বিবেচনার মধ্য দিয়ে। অভিযোগ গ্রহণযোগ্য হলে মূল মনোনিবেশ কেন্দ্রীভূত হবে অভিযোগকারী, প্রকল্প বাস্তবায়ক, উন্নয়নশীল সদস্য দেশটির সরকার কিংবা সংশ্লিষ্ট বেসরকারি প্রতিষ্ঠান ও এডিবি'র মতো প্রকল্প-সংশ্লিষ্ট সকল পক্ষের মধ্যে মতৈক্য প্রতিষ্ঠার প্রতি। বিশেষ প্রকল্প সহায়ক কর্মকর্তা (SPF) সংশ্লিষ্ট উন্নয়নশীল দেশের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ করবেন না।

- বিশেষ প্রকল্প সহায়ক কর্মকর্তা (SPF) সমস্যা সমাধানের জন্য অতিরিক্ত একটি উপায়ের সংস্থান করতে পারেন, তবে তিনি এডিবি'র প্রকল্প অধিদপ্তরগুলি প্রকল্প প্রশাসনে যে ভূমিকা পালন করে তার বিকল্প হিসেবে প্রতিস্থাপিত হবেন না। এই বিশেষ প্রকল্প সহায়ক কর্মকর্তা এডিবি প্রেসিডেন্টের কাছে সরাসরি রিপোর্ট করবেন এবং অভিযোগের পরিপ্রেক্ষিতে কীরূপ কার্যব্যবস্থা গ্রহণ করা যায় সে-সম্পর্কে সুপারিশ করবেন। পরামর্শমূলক আলোচনার ভিত্তিতে প্রতিষ্ঠিত ঐকমত্য বাস্তবায়নের অগ্রগতিও তিনি পর্যালোচনা করবেন।

" আমার স্থির বিশ্বাস, সংশ্লিষ্ট সকল পক্ষের সমর্থন সহযোগে এডিবি'র এই জবাবদিহিতার ব্যবস্থাটি তাঁদের এ দাবি পূরণ করবে যে এডিবি প্রকল্পের কারণে ক্ষতিগ্রস্ত সাধারণ জনসমষ্টির অভাব-অভিযোগের প্রতিকার করবে এবং একটি স্বচ্ছ প্রক্রিয়া প্রতিষ্ঠার মাধ্যমে এডিবি'র জবাবদিহিতার বৃদ্ধি করবে।"

তাদাও চিনো
এডিবি প্রেসিডেন্ট
এডিবি'র জবাবদিহিতা ব্যবস্থা বলবৎ হওয়ার প্রাক্কালে প্রদত্ত বিবৃতি
ডিসেম্বর ২০০৩

পরিপালন পর্যালোচনা পর্যায়টি কী?

- পরিপালন পর্যালোচনার মূল বিবেচ্য বিষয় হচ্ছে, প্রকল্পের কারণে সংশ্লিষ্ট জনসমষ্টির প্রত্যক্ষ ও বৈষয়িক কী ক্ষতি হয়েছে এবং এই ক্ষতি সংশ্লিষ্ট প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ বা বাস্তবায়নের ক্ষেত্রে এডিবি'র কার্যসম্পাদন সম্পর্কিত নীতি ও পদ্ধতি লঙ্ঘনের কারণে হয়েছে কিনা তা নির্ধারণ করা। একটি স্বতন্ত্র পরিপালন পর্যালোচনা প্যানেল (Compliance Review Panel/CRP) কর্তৃক পরিপালন পর্যালোচনার কাজটি সম্পাদিত হয়ে থাকে।

- পরিপালন পর্যালোচনার সূচনা হয় পরিপালন পর্যালোচনার জন্য প্রাপ্ত অনুরোধের গ্রহণযোগ্যতা সম্পর্কে এডিবি পরিচালক বোর্ডের কাছে প্যানেলের পক্ষ থেকে সুপারিশ প্রদানের মাধ্যমে। গ্রহণযোগ্যতা অনুমোদিত হলে, প্যানেল অভিযোগ সম্পর্কে নিরপেক্ষ তদন্ত করবেন এবং প্রকল্পের পরিসর ও বাস্তবায়নের ক্ষেত্রে প্রতিকারমূলক পরিবর্তনসহ প্রকল্প বাস্তবায়নে নীতি-পদ্ধতির যথাযথ পরিপালন নিশ্চিত করার লক্ষ্যে এডিবি'র পরিচালক বোর্ডের কাছে তাঁদের সুপারিশ পেশ করেন।

- প্যানেলের কাজে সহায়তা করার জন্য রয়েছে একটি সচিবালয় – পরিচালন পর্যালোচনা প্যানেল কার্যালয়। এডিবি'র পরিচালক বোর্ড কোনো প্রতিকারমূলক কার্যব্যবস্থা অনুমোদন করলে তার বাস্তবায়নও এই প্যানেল পরিবীক্ষণ করবে।

কে বা কারা অভিযোগ/অনুরোধ উপস্থাপন করতে পারেন?

- এডিবি'র সহায়তাপ্রাপ্ত প্রকল্প যে-দেশে বাস্তবায়িত হচ্ছে সে দেশ বা সংলগ্ন কোনো সদস্য দেশের দুই বা ততোধিক ব্যক্তির সমন্বয়ে গঠিত কোনো দল, সংগঠন, সমিতি, গোষ্ঠী কিংবা অন্য কোনো ব্যক্তিসমষ্টি।

- প্রকল্পের কারণে ক্ষতিগ্রস্ত জনসমষ্টি কর্তৃক নিযুক্ত কোনো স্থানীয় প্রতিনিধি।

- স্থানীয় জনপ্রতিনিধিত্ব খুঁজে পাওয়া যায় না এমন সব ব্যতিক্রমী ক্ষেত্রে বিশেষ প্রকল্প সহায়কের কর্মকর্তার (SPF)-এ সম্মতি সাপেক্ষে, এবং কোনো অনুরোধের ক্ষেত্রে পরিপালন পর্যালোচনা প্যানেল (CRP)-এর সম্মতি সাপেক্ষে, কোনো অ-স্থানীয় প্রতিনিধি।

- বিশেষ বিশেষ ক্ষেত্রে, এডিবি পরিচালক বোর্ডের যে কোনো সদস্য চলতি প্রকল্পসমূহের ব্যাপারে অনুরোধ উপস্থাপন করতে পারবেন।

কেমন করে অভিযোগ/অনুরোধ উপস্থাপন করতে হয়?

দাবিদারদের প্রথমে বিশেষ প্রকল্প সহায়ক কর্মকর্তা (SPF)-এর কাছে অভিযোগ পেশ করতে হবে। যদি তাঁদের অভিযোগ গ্রহণযোগ্য বলে বিবেচিত না হয়, যদি তাঁরা পরামর্শমূলক আলোচনা প্রক্রিয়ার তুষ্ট না হয়ে থাকেন, কিংবা যদি পরামর্শমূলক আলোচনার প্রক্রিয়া প্রায় চূড়ান্ত পর্যায়ে উপনীত হয়ে থাকে ও পরিপালন সম্পর্কিত বিষয়ে উদ্বেগ-উৎকণ্ঠা দেখা দেয়, তাহলে এসব ক্ষেত্রে তাঁরা পরিপালন পর্যালোচনা প্যানেল (CRP)-এর কাছে তাঁদের অনুরোধ উপস্থাপন করতে পারেন।

অভিযোগ/অনুরোধ অবশ্যই লিখিত আকারে ডাক, ফ্যাক্স বা ইলেকট্রনিক মেইলযোগে বিশেষ প্রকল্প সহায়ক (SPF)/সচিব, পরিপালন পর্যালোচনা প্যানেল (CRP)-এর কাছে পাঠাতে হবে, কিংবা হাতে হাতে এডিবি'র সদর দপ্তর অথবা কোনো এডিবি আবাসিক মিশন বা প্রতিনিধির কার্যালয়ে পৌঁছাতে হবে। অভিযোগ/অনুরোধ ইংরেজিতে কিংবা অভিযোগকারী/অনুরোধকারী অভিযোগ/অনুরোধের ইংরেজি অনুবাদ দিতে অপারগ হলে এডিবি'র সদস্যপদধারী উন্নয়নশীল দেশের সরকারি বা জাতীয় ভাষায় পেশ করা যাবে। অনুরোধ জানানো হলে দাবিকারীর পরিচয় গোপন রাখা হবে, তবে অজ্ঞাতপরিচয় কারও অভিযোগ গ্রহণ করা হবে না।

অভিযোগ/অনুরোধে কী কী বিষয় গ্রহণযোগ্য নয়?

- মালামাল সংগ্রহ এবং ঠিকাদার ও উপদেষ্টা নিয়োগের ক্ষেত্রে এডিবি বা প্রকল্প বাস্তবায়কের সিদ্ধান্ত। এসব বিষয়ে যাবতীয় অভিযোগ এডিবি'র কেন্দ্রীয় কার্যসম্পাদন সার্ভিস কার্যালয় (COSO) এ পাঠাতে অনুরোধ করা হচ্ছে। এজন্য www.adb.org/COSO ওয়েবসাইটে যোগাযোগ করা যেতে পারে।
- প্রকল্পে এবং এডিবি স্টাফ কর্তৃক প্রতারণা ও দুর্নীতি অভিযোগ। এসব বিষয়ে এডিবি'র দুর্নীতি দমন ইউনিট, মহাহিসাব নিরীক্ষক কার্যালয়ের সাথে যোগাযোগ করতে হবে। এজন্য www.adb.org/Anticorruption/unit.asp ওয়েবসাইটে যোগাযোগ করা যেতে পারে।
- প্রকল্প সম্পন্ন হওয়ার পর সাধারণত দু'বছরের মধ্যে প্রদত্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন ।
- পূর্ববর্তী পরিদর্শন কার্যব্যবস্থার আওতায় কিংবা পরিপালন পর্যালোচনা প্যানেল (CRP) কর্তৃক ইতোমধ্যে বিবেচিত বিষয়সমূহ।
- বেসরকারি খাতের প্রকল্প যেগুলির প্রকল্প ধারণার অনুমোদন ২৯ মে ২০০৩-এর আগেই সম্পন্ন হয়েছে।

এডিবি'র জবাবদিহিতা ব্যবস্থা সম্পর্কিত আরও তথ্যের জন্য যোগাযোগ করুন: www.compliance.adb.org

অভিযোগের অন্তর্গত বিষয়াবলি

অভিযোগে অবশ্যই নিম্নবর্ণিত বিষয়গুলির সুনির্দিষ্ট উল্লেখ থাকতে হবে:

- অভিযোগকারী এডিবি সহায়তাপ্রাপ্ত কোনো প্রকল্পের কারণে সরাসরি ও বৈষয়িকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছেন বা হতে পারেন
- এডিবি সহায়তাপ্রাপ্ত প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ বা বাস্তবায়নকালে এডিবি কর্তৃক কোনো কাজ করা বা না করাই এরূপ প্রত্যক্ষ ও বৈষয়িক ক্ষতির কারণ
- এডিবি সহায়তাপ্রাপ্ত প্রকল্পের কারণে প্রত্যক্ষভাবে ও বৈষয়িকভাবে ক্ষতিগ্রস্ত কিংবা ক্ষতিগ্রস্ত হতে পারে এমন অধিকার ও স্বার্থসংশ্লিষ্ট বিষয়সমূহের বর্ণনা
- অভিযোগকারীর (ও কোনো প্রতিনিধির) পরিচয় ও তাঁদের সাথে যোগাযোগের জন্য আবশ্যক তথ্যাদি, এবং অভিযোগকারীর পরিচয় গোপন রাখার অনুরোধ থাকলে সেরূপ অনুরোধের কারণ
- প্রতিনিধির ক্ষেত্রে প্রকল্পের কারণে যে জনগোষ্ঠী ক্ষতিগ্রস্ত তাদের পরিচয় এবং তাদের প্রতিনিধি হিসেবে কর্তৃত্বাধিকারের প্রমাণ
- নাম ও অবস্থানসহ এডিবি সহায়তাপ্রাপ্ত প্রকল্পের সংক্ষিপ্ত বর্ণনা
- যে সকল বাঞ্ছিত ফলাফল বা প্রতিকার এডিবি'র নিকট থেকে প্রাপ্য প্রকল্প সহায়ক (SPF)-এর মাধ্যমে পেতে এডিবির সাহায্য-সহায়তা করা উচিত বলে প্রকল্পের কারণে ক্ষতিগ্রস্ত জনসমষ্টি মনে করে
- প্রথমে এডিবি'র সংশ্লিষ্ট কার্য সম্পাদন বিভাগকে সমস্যাবলি জানানোর জন্য অভিযোগকারী সরল বিশ্বাসে যেসব প্রয়াস নিয়েছেন সেগুলির বর্ণনা
- উল্লিখিত তথ্যাদির মধ্যে কোনোটি দেয়া না গেলে তা না দিতে পারার কারণ ব্যাখ্যা
- সমর্থক কাগজপত্রসহ অন্য যে কোনো আনুষঙ্গিক বিষয় বা তথ্য

বিশেষ প্রকল্প সহায়ক কর্মকর্তার (SPF)-এর সাথে যোগাযোগ:

Special Project Facilitator
Asian Development Bank
6 ADB Avenue
Mandaluyong City 1550
Philippines

টেলিফোন : +632 632-4825
ফ্যাক্স : +632 636-2490
ই-মেইল : spf@adb.org
ইন্টারনেট : www.adb.org/spf

পরিপালন পর্যালোচনার অনুরোধের অন্তর্গত বিষয়াবলি

অনুরোধে অবশ্যই নিম্নবর্ণিত বিষয়াবলির সুনির্দিষ্ট উল্লেখ থাকতে হবে:

- অনুরোধকারী এডিবি সহায়তাপ্রাপ্ত প্রকল্পের কারণে প্রত্যক্ষ ও বৈষয়িকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছেন বা হতে পারেন
- এডিবি সহায়তাপ্রাপ্ত প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ বা বাস্তবায়নকালে এডিবি কর্তৃক কোনো কাজ করা বা না করা কিংবা নিজ কার্যপরিচালন নীতি অনুসরণে এডিবি'র কথিত ব্যর্থতাই এরূপ প্রত্যক্ষ ও বৈষয়িক ক্ষতির কারণ
- এডিবি সহায়তাপ্রাপ্ত প্রকল্পের কারণে প্রত্যক্ষভাবে ও বৈষয়িকভাবে ক্ষতিগ্রস্ত কিংবা ক্ষতিগ্রস্ত হতে পারে এমন অধিকার ও স্বার্থসংশ্লিষ্ট বিষয়সমূহের বর্ণনা
- অনুরোধকারীর পরিচয় ও তাঁদের সাথে যোগাযোগের জন্য আবশ্যক তথ্যাদি, সেইসঙ্গে পরিচয় গোপন রাখার অনুরোধ থাকলে তার কারণ
- প্রতিনিধির ক্ষেত্রে প্রকল্পের কারণে যে জনগোষ্ঠী ক্ষতিগ্রস্ত তাদের পরিচয় এবং তাদের প্রতিনিধি হিসেবে কর্তৃত্বাধিকারের প্রমাণ
- নাম ও অবস্থানসহ এডিবি সহায়তাপ্রাপ্ত প্রকল্পের সংক্ষিপ্ত বর্ণনা
- যে সকল বাঞ্ছিত ফলাফল বা প্রতিকার এডিবি'র নিকট থেকে প্রাপ্য বলে প্রকল্পের কারণে ক্ষতিগ্রস্ত জনসমষ্টি মনে করে
- প্রথমে বিশেষ প্রকল্প সহায়ক কর্মকর্তা (SPF) কে অভিযোগ জানানোর জন্য অনুরোধকারী যেসব প্রয়াস নিয়েছেন সেগুলির ফলাফল ব্যাখ্যা (অথবা বিশেষ প্রকল্প সহায়ক কর্মকর্তা (SPF) যদি অভিযোগটিকে গ্রহণের অযোগ্য বিবেচনা করে প্রত্যাখ্যান করে থাকেন সেক্ষেত্রে তা সত্ত্বেও উক্ত অনুরোধকে পরিপালন পর্যালোচনার যোগ্য বিবেচনার কারণ ব্যাখ্যা)
- উল্লিখিত তথ্যাদির মধ্যে কোনোটি দেয়া না গেলে তা না দিতে পারার কারণ ব্যাখ্যা
- সমর্থক কাগজপত্রসহ অন্য যে কোনো আনুষঙ্গিক বিষয় বা তথ্য

পরিপালন পর্যালোচনা প্যানেল (CRP)-এর সাথে যোগাযোগ:

Secretary, Compliance Review Panel
Asian Development Bank
6 ADB Avenue
Mandaluyong City 1550
Philippines

টেলিফোন : +632 632-4212
ফ্যাক্স : +632 636-2088
ই-মেইল : crp@adb.org
ইন্টারনেট : www.compliance.adb.org

ইংরেজি ভাষ্য ইস্যু: মার্চ ২০০৪
এই ডকুমেন্টটি ইংরেজি ভাষ্য থেকে অনূদিত । যদি এতে কোন গরমিল বা বৈপরীত্য পরিলক্ষিত হয় তাহলে ইংরেজি ভাষ্যের পাঠই প্রামাণ্য গণ্য হবে।
বাংলা ভাষ্য মুদ্রণ: জুলাই ২০০৪ । মুদ্রণে : নিজাম প্রিন্টার্স এন্ড প্যাকেজেস